দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN 18 1999 ... ...

পৃষ্ঠা ৭ কলাম ৩ ......

40

# কোরআন অবমাননায় ইসলামী ভার্সিটি ভিসি'র অপসারণ দাবী

**প্রেস বিজ্ঞপ্তি** ঃ তাহফিজে হারামাইন পরিষদ বাংলাদেশ-এর সভাপতি মাওলানা সাদেক আহমদ সিদ্দিকী বলেছেন, ইসলামী বিশ্ববিদ্যালয় সরস্বতী পূজা উদ্‌যাপন কমিটির আমন্ত্রণপত্রে মূর্তির ছবির নীচে পবিত্র কোরআনের আয়াত সম্বলিত মনোগ্রাম প্রকাশ করে ধৃষ্টতা এবং মুসলমানদের ধর্মীয় অনুভূতিতে চরম আঘাত হেনেছে। এটা অমার্জনীয় অপরাধ। পবিত্র কোরআনের আয়াত অবমাননার জন্য ক্ষমা প্রার্থনা যথেষ্ট নয়। বরং এ ঘটনায় জড়িত ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। তিনি রবিবার বিকেলে তাহফিজে হারামাইন পরিষদের কেন্দ্রীয় কার্যালয়ে উচ্চ পর্যায়ের এক বৈঠকে সভাপতির বক্তব্যে একথা বলেন।

বৈঠকে পরিষদের প্রচার সম্পাদক হাফেজ মাওলানা সাইফুল্লাহ, মাওলানা মিজানুর রহমান, মাস্টার গোলাম মোস্তফা প্রমুখ বক্তব্য রাখেন।

মাওলানা সাদেক আহমদ সিদ্দিকী আরো বলেন, এ সরকারের আমলে ইসলামের বিরুদ্ধে ষড়যন্ত্র হচ্ছে। সরকারে ও প্রশাসনে ঘাপটি মেরে লুকিয়ে থাকা ইসলাম বিদ্বেষী একটি মহল এবং একশ্রেণীর বুদ্ধিজীবী ও এনজিও ইসলামের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে। এদের প্রতিহত করতে হবে। তিনি পবিত্র কোরআনের আয়াত অবমাননার জন্য ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসির অপসারণ দাবী করেন।

# ইসলামী ভার্সিটির ভিসিসহ পূজা উদ্‌যাপন পরিষদের সদস্যদের বিরুদ্ধে মামলা দায়ের

**ঝিনাইদহ থেকে মোস্তফা মাজেদ ।।** হিন্দুদের সরস্বতী মূর্তির পায়ের নীচে কোরআনের আয়াত মুদ্রিত করে তা বিলি করে দেশের সংখ্যাগরিষ্ঠ মুসলমানদের ধর্মীয় অনুভূতিতে আঘাত করার অভিযোগ এনে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর কায়েস উদ্দীনসহ ট্রেজারার, প্রক্টর পূজা উদযাপন পরিষদের ৪৪ জন সদস্যের বিরুদ্ধে বাংলাদেশ দণ্ডবিধি আইনের ২৯৫ (ক) ধারায় ঝিনাইদহ আমলী আদালতে গতকাল (রবিবার) একটি মামলা দায়ের হয়েছে। মামলায় পূজা উদযাপন কমিটির সভাপতি চন্দ্রন কুমার মুক্তাকে প্রধান আসামী করা হয়েছে।

ঝিনাইদহ শহরের কাঞ্চননগর পাড়ার মোঃ এমএ খবির বাদী হয়ে আমলী আদালত 'ক' অঞ্চলে এ মামলা দায়ের করেন। এ মামলাটির ব্যাপারে আদালত আগামী ২ ফেব্রুয়ারীর মধ্যে সিদ্ধান্ত গ্রহণের জন্য জেলা ম্যাজিস্ট্রেটের কাছে প্রেরণ করেছেন।